দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 19 AUGUST 2025 , TUESDAY | ১৯ আগস্ট ২০২৫ , মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-367

## ডেঙ্গু মোকাবেলায় পুজো কমিটিগুলিকে চিঠি পাঠাচ্ছে কলকাতা পুরসভা




এই যুগ , কলকাতা ,১৮ আগস্ট : সেপ্টেম্বরে বাঙালির বড় উৎসব দুর্গাপুজো। এরই মধ্যে ঘন ঘন বদলাচ্ছে আবহাওয়া। কখনো রোদ , কখনো বৃষ্টির দেখা। এমন পরিস্থিতিতে ডেঙ্গু এড়াতে কলকাতা শহরের সমস্ত দুর্গাপুজো কমিটিগুলির জন্য অ্যাডভাইজরি জারি করতে চলেছে কলকাতা পুরসভা। পাঠানো হবে চিঠি কলকাতার পুজো কমিটিগুলিকে। পুজোর প্যান্ডেল তৈরি করার জন্য একাধিক বাঁশ ব্যবহার করা হয়। সেই বাঁশের ভিতর জল জমে মশার আঁতুড়ঘর না হয়ে ওঠে , সে জন্য আগেই সতর্ক কলকাতা পুরসভা। প্যান্ডেলের বাঁশের আগা-গোড়া ভালো ভাবে মুড়িয়ে রাখার নির্দেশ পুরসভার তরফে দেওয়া হয়েছে পুজো কমিটিগুলিকে। পুরসভার নির্দেশ আদেও পুজো কমিটি গুলো মানছে , সেটার জন্য সেই নিয়ম মানার ছবি পাঠাতে হবে কলকাতা পুরসভাকে। কোনও পুজো কমিটি ছবি না পাঠালে সেখানে গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখবে কলকাতা পুরসভার স্বাস্থ্য বিভাগের কর্মীরা । যদি কোনও পুজো কমিটি নির্দেশ অমান্য করে , সে ক্ষেত্রে পদক্ষেপও গ্রহন করতে পারে কলকাতা পুরসভা। সোমবার কলকাতা শহরের ডেঙ্গু এবং ম্যালেরিয়া পরিস্থিতি সার্বিক ভাবে খতিয়ে দেখতে এবং মশাবাহিত রোগের সংক্রমণ কমানোর লক্ষ্যে গুরুত্বপূর্ণ বৈঠক করেন কলকাতা পুরসভার ডেপুটি মেয়র তথা স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতীন ঘোষ। বৈঠকের পরে পুজো কমিটিগুলির প্রতি অ্যাডভাইজারি জারির বার্তা দেন ডেপুটি মেয়র। পাশাপাশি শহরের কোন কোন এলাকাগুলো ডেঙ্গু এবং ম্যালেরিয়ার জন্য 'সংবেদনশীল', তার একটি রোডম্যাপও তৈরি করেছে কলকাতা পুরসভা। সংবেদনশীল এলাকাগুলি যাতে পরিষ্কার পরিচ্ছন্ন থাকে, কোথাও জল বা জঞ্জাল না জমে থাকে, সে দিকে বিশেষ নজর দিচ্ছে কলকাতা পুরসভা।

## ট্রেন থেকে উদ্ধার মেঘালয় থেকে অপহরন করা নাবালিকা, গ্রেপ্তার এক





নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৮ আগস্ট : সোমবার সন্ধ্যায় নিউ জলপাইগুড়ি স্টেশনে কামাখ্যা বৈষ্ণোদেবি কাটরা এক্সপ্রেস ট্রেনের জেনারেল কামরা থেকে জি আর পি কর্মীরা একনাবালিকাকে উদ্ধার করেন। নাবালিকার সাথে থাকা এক যুবককেও গ্রেপ্তার করা হয়। জি আর পি সূত্রে জানা গেছে মেঘালয়ের এস পি নিউ জলপাইগুড়ি এস আর পি কে ফোনে জানান মেঘালয় থেকে এক নাবালিকাকে অপহরন করে ট্রেনে করে নিয়ে যাওয়া হচ্ছে। এ খবর পেয়ে আসাম থেকে আসা সব কটি ট্রেনে তল্লাশী চালায় জি আর পি। অবশেষে কামাখ্যা বৈষ্ণোদেবি কাটরা ট্রেনের জেনারেল কামরা থেকে উদ্ধার করা হয় নাবালিকাকে। অপহরনের দায়ে গ্রেপ্তার করা হয়েছে নাবালিকার সাথে থাকা যুবককে। নিউ জলপাইগুড়ি জি আর পি থানার আই সি পাশাং আর শেরপা জানান নাবালিকাকে উদ্ধারের পর মেঘালয়ে খবর পাঠানো হয়েছে। ওখান থেকে পুলিশের একটি দল নিউ জলপাইগুড়ির উদ্দ্যেশ্যে রওনা হয়েছে। তারা এলেই নাবালিকা ও ধৃত যুবককে তাদের হাতে তুলে দেওয়া হবে।

## আলিপুরদুয়ার পৌরসভার বৈদ্যুতিক চুল্লি বেহাল অবস্থায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : এক মাসের অধিক সময় ধরে আলিপুরদুয়ার পৌরসভার অধীন শোভাগঞ্জ বৈদ্যুতিক চুল্লি বেহাল অবস্থায় পড়ে রয়েছে। সমস্যা সমাধানের আশ্বাস দিলেন আলিপুরদুয়ারের মহকুমা শাসক দেবব্রত রায়। বিষয়টি নিয়ে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের সুপার জেলাশাসক এর সঙ্গে আলোচনা করেছিলেন। গত ১৪ ই জুলাই আলিপুরদুয়ার পৌরসভা এটি নোটিশ জারি করে বৈদ্যুতিক চুল্লি নিয়ে। ১৩ জুলাই গভীর রাতে ব্যাপক পরিমাণে ঝড় হয় ঝড়ের দাপটে ক্ষতিগ্রস্ত হয় বৈদ্যুতিক চুল্লির বিদ্যুৎ সংযোগ। ১৪ ই জুলাই পৌরসভার চেয়ারম্যান নোটিশ জারি করে বৈদ্যুতিক চুল্লি বন্ধ থাকার কথা। জানিয়েছেন । একমাস সময় অতিক্রম তো হয়ে গেছে কিন্তু এখনো বৈদ্যুতিক চুল্লি ঠিক করতে পারেনি প্রশাসনিক কর্তারা। আমজনতা প্রশাসনের দিকে আঙ্গুল তুলেছেন বৈদ্যুতিক চুল্লি ঠিক না হওয়ায়। জেলাশাসক দেবব্রত রায় জানিয়েছেন খুব শীঘ্রই সমস্যার সমাধানের চেষ্টা করা হচ্ছে।

## মোষ পাচার নিয়ে শাসক দলকে বিঁধলেন কুমারগ্রামের বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : পিক-আপ ভ্যান চাপিয়ে গ্রামের রাস্তা দিয়ে অসমে পাচার করা হচ্ছে মোষ। বিষয়টি নিয়ে সরব হলেন কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। বিধায়কের অভিযোগ, কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন গ্রামকে করিডোর করে অসমে মোষ পাচার করা হচ্ছে। বিধায়ক অভিযোগ করে বলেন, 'রাজ্যের শাসকদলের নেতাদের মদত ছাড়া মোষ পাচার সম্ভব নয়। এর আগে বিষয়টি নিয়ে প্রশাসনে অভিযোগ জানিয়েছি। কিন্তু কোনও কাজ হয়নি।' মোষ পাচারের বিষয়টি বিধানসভাতেও তুলে ধরা হবে বলে বিধায়ক মনোজ কুমার ওরাওঁ জানান। অভিযোগ, কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ১ ও ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বিভিন্ন গ্রামের পথ ধরে অবাধে মোষ পাচার চলছে। স্থানীয়রা জানান, গভীররাতে কিংবা ভোরে পিক-আপ ভ্যান বা অন্যান্য যানবাহনে চাপিয়ে মোষ গুলিকে নিয়ে যাওয়া হয় সংকোশ নদীর তীরে। এরপর নদী পার করিয়ে অসমে পাচার করা হয় মোষ গুলিকে। এই পাচারের সঙ্গে বড় চক্র জড়িত বলে গ্রামবাসীদের অনুমান। সোমবার ভোরের দিকে ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের লক্ষ্মীবাড়ি এলাকায় মোষ বোঝাই দু'টি পিক-আপ ভ্যান আটক করেন স্থানীয়রা। যদিও পরে সেগুলিকে ছেড়ে দেওয়া হয়।

# গোখরো উদ্ধার বালাটারি থেকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ১৮ আগস্ট : আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বালাটারি এলাকা থেকে একটি পূর্ণবয়স্ক গোখরো সাপ উদ্ধার করল সাউথ রায়ডাক রেঞ্জের বনকর্মীরা এমনটাই জানিয়েছেন তারা সোমবার বিকেল তিনটা নাগাদ। বনকর্মীদের কাছ থেকে জানা গেছে বালাটারি এলাকায় এক বাড়ির ঘর থেকে এই পূর্ণবয়স্ক গোখরোটিকে উদ্ধার করা হয়েছে। বক্সার জঙ্গলে এটিকে ছেড়ে দেওয়া জানিয়েছেন বনকর্মীরা।

# বৃষ্টির দরুন সমস্যায় মৃৎশিল্পীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : কুমোরটুলিতে জল জমে যাওয়ায় সঠিক ভাবে কাজ করতে পারেননি কুমোর টুলিতে এমনটাই জানা গেছে সোমবার বিকেল পাঁচটা নাগাদ আলিপুরদুয়ারের কুমোরটুলির মালিকদের সঙ্গে কথা বলে। কুমোরটুলির মালিকদের সরকারিভাবে কোনরকম সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না। কুমোরটুলির মালিকরা চাইছেন ঋণ নয় অনুদান হিসেবে সাহায্য করা হোক। কুমোরটুলির মালিকদের অনুদান হিসেবে সাহায্য করা হলে অনেকটাই উপকৃত হবেন আলিপুরদুয়ার জেলার কুমোরটুলির মালিকেরা।

# কবাডি খেলতে গিয়ে পা ভাঙল এক স্কুল ছাত্রীর , উদাসীন স্কুল কর্তৃপক্ষ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট: আলিপুরদুয়ার জেলার খোয়ারডাঙ্গা নিরবলা গার্লস স্কুলে সোমবার চলছিল কবাডি খেলার প্রশিক্ষণ কিন্তু তখনই ঘটল এক বিপত্তি ।এক স্কুল ছাত্রীর খেলার সময় পা-য়ের হার ভেঙে দু টুকরো হয়ে যায়। কিন্তু পরিবারের লোক জনেরা তড়িঘড়ি কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসলেও স্কুলের শিক্ষক শিক্ষিকা অথবা স্কুল কর্তৃপক্ষের কেউ আসেনি এমনই উদাসীনতা লক্ষ্য করা গেল স্কুল কর্তৃপক্ষের অভিযোগ, একটি স্কুল ক্যাম্পাসে প্রশিক্ষণ চলাকালীন এমনই ঘটনা ঘটার পর স্কুল কর্তৃপক্ষের হাসপাতালে নিয়ে আসা উচিত ছিল এই সময় ছাত্রীর পাশে সহ পরিবার পাশে থাকা উচিত ছিল । আহত ওই ছাত্রীকে কামাখ্যাগুড়ি গ্রামীন হাসপাতালে নিয়ে আসার পর তাঁকে প্রাথমিক চিকিৎসার পর চিকিৎসক জেলা হাসপাতালে রেফার করেন এবং অর্থোপেডিক চিকিৎসার পরামর্শ দেন । বর্তমানে ওই স্কুল ছাত্রী একটি বেসরকারী নার্সিং হোমে চিকিৎসাধীন । এই নিয়ে খোয়ারডাঙ্গা নিরবালা গালর্স স্কুলের টিআইসি-কে একাধিকার ফোন করা হলে তিনি ফোন ধরেননি ।

# শ্রেণী কক্ষের উদ্বোধনে প্রশাসনিক কর্তারা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : কালচিনি ব্লকের দলসিংপাড়া সরস্বতী প্রাথমিক বিদ্যালয়ে আজ বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন ও বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা দিবস অনুষ্ঠান আয়োজিত করা হল। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দলসিংপাড়া প্রধান মায়া আলে, কালচিনি পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি নিতু রানা সহ এলাকার বিশিষ্ট জনেরা। জানা গেছে প্রায় ২৪ লক্ষ টাকা ব্যায়ে কালচিনি পঞ্চায়েত সমিতি থেকে বিদ্যালয়ের নতুন ভবন, ক্লাস রুম তৈরি করা হয়েছে। এদিন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। বিদ্যালয় প্রধান শিক্ষক অমর কুমার বাসু জানান আজ বিদ্যালয় ২১ তম প্রতিষ্ঠাতা দিবস আর প্রতিবছরের ন্যায় এবছর ও বিভিন্ন অনুষ্ঠান মধ্য দিয়ে প্রতিষ্ঠাতা দিবস অনুষ্ঠান করা হচ্ছে পাশাপাশি বিদ্যালয় নতুন ভবনের আজকে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন হল।

# তাসাটি চা বাগানে যুবকের আত্মহত্যা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : ফালাকাটার তাসাটি চা বাগানের এক যুবকের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। মৃতের নাম রবিন টোপ্পো। রবিবার রাতে ২৭ বছর বয়সী ওই যুবককে ধুলাগাঁও যাওয়ার রাস্তার পাশের একটি গাছের ডালে গলায় ফাঁস লাগানো অবস্থায় ঝুলতে দেখে বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যান স্থানীয় বাসিন্দারা। তবে বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে চিকিৎসকরা রবিনকে মৃত বলে ঘোষণা করেন। মৃতদেহটি সোমবার ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ারে পাঠায় বীরপাড়া থানার পুলিশ। থানা সূত্রের খবর, এঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করা হয়েছে। ময়না তদন্ত শেষে মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

# বাঁশ দিয়ে খুনের অভিযোগে ধৃতের ২ দিনের পুলিশি হেফাজত



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙা-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের মারাখাতায় দাদাকে খুনের ঘটনায় ধৃত ভাইকে সোমবার আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায় কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। জানা গিয়েছে, ধৃতের নাম লক্ষ্মীরাম মুর্মু। এদিন তাঁকে আদালতে তোলা হলে বিচারক দুদিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন। উল্লেখ্য, রবিবার দুপুরে বড় ভাই হোপনা মুর্মু এবং ছোট ভাই লক্ষ্মীরাম মুর্মুর মধ্যে তুমুল বচসা শুরু হয়। হোপনা ছোট ভাইকে দা দিয়ে আঘাত করে। এরপরই লক্ষ্মীরাম বাঁশ দিয়ে হোপনার মাথায় আঘাত করে। ঘটনাস্থলেই মৃত্যু হয় বছর ৩৮-এর হোপনা মুর্মুর। রবিবারই কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ মৃতদেহ উদ্ধার করে। গ্রেফতার করা হয় লক্ষ্মীরামকে। এদিন ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়। ধৃতকে রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ করে ঘটনা সম্পর্কে আরও বিস্তারিত তথ্য জানার চেষ্টা করছে পুলিশ। এদিকে, এদিন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে হোপনা মুর্মুর দেহের ময়নাতদন্ত হয়েছে।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
For Work
PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

# বক্সার জঙ্গলে ঘুরে বেড়াচ্ছে ঘোড়া



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের মারাখাতা জঙ্গলে গত কয়েক দিন ধরে দেখা যাচ্ছিল এক প্রাপ্তবয়স্ক বাদামী রঙের ঘোড়া। হঠাৎ জঙ্গলের মধ্যে এই ঘোড়াটিকে ঘুরে বেড়াতে দেখে উদ্বিগ্ন হয়ে পড়েন কুমারগ্রাম ব্লকের উত্তর নারারথলি গ্রামের বাসিন্দারা।গ্রামবাসীদের ধারণা, ঘোড়াটি সম্ভবত কারও গৃহপালিত। কিন্তু মালিকের কাছে ফিরে না গিয়ে যদি এভাবে জঙ্গলে ঘুরে বেড়ায়, তাহলে সহজেই বন্যপ্রাণীর আক্রমণ কিংবা অন্য কোনো বিপদের শিকার হতে পারে। তাই গ্রামবাসীরা উদ্যোগ নিয়ে খবর দেন স্থানীয় সমাজ সেবীকে। বিষয়টি জানানো হয়েছে প্রশাসনিক কর্তাদের। ঘোড়াটি নিরাপত্তার কথা ভেবে ঘোড়াটিকে রাখা হয়েছে এক ব্যক্তির বাড়িতে।

# লোকালয় থেকে পাইথন উদ্ধার করলেন বনকর্মীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ আগস্ট : সোমবার কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের পশ্চিম নারারথলিতে লোকালয় থেকে একটি পাইথন উদ্ধার হল। বন বিভাগের কামাখ্যাগুড়ি মোবাইল (ইস্ট) রেঞ্জের বনকর্মীরা পাইথনটিকে উদ্ধার করেন। জানা গিয়েছে, এদিন সকালবেলা স্থানীয়রা লোকালয়ে পাইথনটি দেখতে পান। সেটি একটি জালে আটকে পড়েছিল। স্থানীয়রা খবর দেন বন বিভাগের কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জে। এরপর বনকর্মীরা পশ্চিম নারারথলিতে এসে পাইথনটি উদ্ধার করে নিয়ে যান। বন বিভাগ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া পাইথনটি ৭ ফুট লম্বা। সেটিকে সুস্থ অবস্থায় জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে। এদিন পাইথন বের হওয়ার খবর জানাজানি হতেই এলাকায় শোরগোল পড়ে যায়। স্থানীয়রা পাইথন দেখতে ভিড় করেন।

# ভটভটি সহ চোরাই কাঠ আটক করলো বনদপ্তর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৮ আগস্ট : লোকনাথপুর এলাকা থেকে একটি কাঠ বোঝাই ভটভটি আটক করলো সাউথ রায়ডাক রেঞ্জের শামুকতলার বনকর্মীরা। এমনটাই জানিয়েছেন সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার দেবাশীষ মন্ডল সোমবার বিকেল পাঁচটা নাগাদ। রেঞ্জার জানিয়েছেন গত দুদিন আগে কাঠ বোঝাই ভটভটিকে দেখে তাদের সন্দেহ হয়। এরপরেই কাঠের কাগজ দেখতে চাইলে ভটভটি চালক ২৪ ঘন্টা সময় চান। কিন্তু ২৪ ঘণ্টার মধ্যে কাঠের কাগজ দেখাতে না পারায় বনদপ্তর কাঠগুলি বাজেয়াপ্ত করে। প্রায় ৬০ সিএফটি কাঠ রয়েছে ভটভটিতে। বাজেয়াপ্ত করা কাঠের বাজার মূল্য লক্ষাধিক টাকা।

# উদ্ধার গাঁজা,গ্রেপ্তার পাঁচ




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৮ আগস্ট : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশ রবিবার রাতে একত্রিশ নম্বর জাতীয় সড়কে কলকাতা গামী দুটি গাড়ী আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি দুটি থেকে উদ্ধার হয় গাঁজার সাতটি প্যাকেট। মোট ওজন চুয়ান্ন কেজি বিয়াল্লিশ গ্রাম। গ্রেপ্তার করা হয় পাঁচ জনকে। ধৃতরা হলো বিকাশ বর্মন (৩৫),কৃষ্ণকমল বর্মন (২৮),দুজনেই গোলেনাউহাটির বাসিন্দা। মোসলেম মিঞা(২৮), মধ্যম মধুসুদনের বাসিন্দা, জামিনুর মিঞা (২৩)নগর নেপ্রার বাসিন্দা, অনিল নমদাস (৪৫) ছোট শালবাড়ির বাসিন্দা। ধৃতরা সকলেই কোচবিহার জেলার শীতলকুচি থানা এলাকার বলে জানিয়েছে পুলিশ। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে গাঁজা উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ এবং ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# নক্সালবাড়ি গ্রামীণ হাসপাতালে দুটি অ্যাম্বুলেন্স পরিষেবার উদ্বোধন হলো



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, নক্সালবাড়ি, ১৮ আগস্ট : নক্সালবাড়ি গ্রামীণ হাসপাতালে দুটি অ্যাম্বুলেন্স পরিষেবার উদ্বোধন হলো সোমবার। অ্যাম্বুলেন্স দুটির উদ্বোধন করেন ননক্সালবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি আনন্দ ঘোষ ও নক্সালবাড়ির বিডিও প্রনব চট্টরাজ। উপস্থিত ছিলেন ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ কুন্তল ঘোষ, পঞ্চায়েত সমিতির সদস্য সদস্যাগন, গ্রাম পঞ্চায়েত এর প্রধান সহ এলাকার বিশিষ্টজনেরা। পঞ্চায়েত সমিতির সভাপতি আনন্দ ঘোষ জানান নক্সালবাড়ি গ্রামীণ হাসপাতালের রুগী পরিষেবা আরও উন্নত করার লক্ষ্যে রাজ্য স্বাস্থ্য দপ্তর অ্যাম্বুলেন্স দুটি গ্রামীন হাসপাতালকে দিয়েছে। তিনি আরও জানান দরিদ্র রুগীদের বিনামূল্যে অ্যাম্বুলেন্স পরিষেবা দেওয়া হবে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |